

বিমান বিধ্বস্ত: পালিত হচ্ছে রাষ্ট্রীয় শোক

- A Monitor Desk Report

Date: 22 July, 2025



ঢাকাঃ রাজধানীর দিয়াবাড়ি এলাকায় মাইলস্টোন স্কুল অ্যান্ড কলেজ ক্যাম্পাসে বাংলাদেশ বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে ২৭ জন নিহত হয়েছেন। এতে আহত হয়েছেন দেড় শতাধিক মানুষ। যাদের বেশিরভাগই ওই শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থী।

সোমবারের (২১ জুলাই) এ দুর্ঘটনার কারণে মঙ্গলবার (২২ জুলাই) একদিনের রাষ্ট্রীয় শোক পালিত হচ্ছে দেশে। দেশের সব সরকারি, আধা সরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠান, শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় পতাকা অর্ধনমিত রয়েছে। পাশাপাশি সব সরকারি, বেসরকারি ভবন ও বিদেশে বাংলাদেশি মিশনেও জাতীয় পতাকা অর্ধনমিত রাখা হয়েছে। আহত ও নিহতদের জন্য দেশের সব ধর্মীয় উপাসনালয়ে বিশেষ প্রার্থনার আয়োজন করা হচ্ছে।

সোমবার (২১ জুলাই) প্রধান উপদেষ্টার প্রেস উইং থেকে এ তথ্য জানানো হয়।

এদিকে আন্তঃবাহিনী জনসংযোগ পরিদপ্তর (আইএসপিআর) জানিয়েছে, বাংলাদেশ বিমান বাহিনীর এফ-৭ বিজিআই প্রশিক্ষণ বিমানটি দুপুর ১টা ৬ মিনিটে উড্ডয়ন করে। এর কিছুক্ষণের মধ্যেই বিমানটি ওই শিক্ষা প্রতিষ্ঠানে বিধ্বস্ত হয়।

-B